15 FEB 2017

### সিলেটে শিক্ষামন্ত্রী

# প্রশ্নপত্র ফাঁস বন্ধে সাংবাদিকদেরও ভূমিকা দরকার

**সিলেট অফিস ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, একক প্রচেষ্টায় প্রশ্নপত্র ফাঁস বন্ধ সম্ভব নয়। এ জন্য দরকার সম্মিলিত উদ্যোগ ও সামাজিক আন্দোলন। গতকাল মঙ্গলবার সিলেটের ওসমানী বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি।

চার দিনের সফরে গতকাল সিলেট পৌঁছান শিক্ষামন্ত্রী। সাংবাদিকদের তিনি বলেন, 'প্রশ্নপত্র কখন ফাঁস হয়েছে, কতটুকু হয়েছে এবং সেটা পরীক্ষার্থীদের ওপর কতটা প্রভাব ফেলেছে–তা খতিয়ে দেখার পর এসএসসি পরীক্ষা (গণিত) বাতিল করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।' তিনি সাংবাদিকদের উদ্দেশে বলেন, 'প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের খুঁজে বের করতে আপনাদেরও ভূমিকা রাখতে হবে।'